

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অডিট অধিশাখা

নং-স্বাপকম/অডিট/কেন্দ্র/৩১৮/০৫/৬১৭

তারিখঃ ২৭/১১/২০১৪ খ্রিঃ

বিষয়ঃ অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তি প্রসংগে।

সূত্রঃ এ মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখার স্মারক নং ৫৮/১(৯৪), তারিখঃ ২৯/০৪/২০১৪ খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের বরাতে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয়ে ১৭/০৪/২০১৪ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জরুরী ভিত্তিতে দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছিল (কপি সংযুক্ত)। কিন্তু তাঁর প্রতিষ্ঠানের অনিষ্পন্ন অডিট আপত্তি দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে নিষ্পন্ন করা হয়েছে কিনা তা জানানো হয়নি।

২। অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে জরুরী ভিত্তিতে কোন কার্যকর ভূমিকা পালন করা হচ্ছে না। ফলে অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়ায় অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা বেড়ে যাচ্ছে। এ জন্য মন্ত্রণালয়কে বিব্রত ও জবাবদিহির সম্মুখীন হতে হচ্ছে। অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। মন্ত্রণালয় থেকে গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদানের পরেও অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দৃশ্যমান কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এ পত্র প্রাপ্তির পর দ্রুত যথাসময়ে ব্যবস্থা গ্রহণ করা না হলে দায়িত্ব পালন ও কর্তব্য অবহেলা হিসেবে বিবেচিত হবে।

৩। উল্লেখ্য, সিএন্ডএজি কার্যালয় হতে দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

৪। এমতাবস্থায়, আগামী ডিসেম্বর/২০১৪ তারিখের মধ্যে তাঁর প্রতিষ্ঠানসহ নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের কার্যপত্র প্রস্তুতপূর্বক অনিষ্পন্ন অডিট আপত্তি দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে নিষ্পত্তি করে প্রতিবেদন ০৫/০১/২০১৫ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবর প্রেরণ এবং এ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ১৭/০৪/২০১৪ তারিখের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রতি ২ (দুই) মাস অন্তর বাধ্যতামূলকভাবে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অডিট অধিদপ্তরের কর্মকর্তাদেরকে নিয়ে নিয়মিত দ্বিপক্ষীয় সভা করে প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে ৩ (তিন) পাতা।


(মসিউর রহমান)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১১০২৭

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার/নিপোর্ট, আজিমপুর/ ড্রাগ প্রশাসন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ২। অধ্যক্ষ, ----- মেডিকেল কলেজ,-----।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। পরিচালক, ----- মেডিকেল কলেজ হাসপাতাল,-----।
- ৫। লাইন ডাইরেক্টর (-----), স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা/নিপোর্ট/স্বাস্থ্য প্রকৌশল/ড্রাগ প্রশাসন অধিদপ্তর/সেবা পরিদপ্তর/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। পরিচালক, সেবা পরিদপ্তর, মতিঝিল/ঢাকা শিশু হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৮। ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। পরিচালক (অর্থ ও হিসাব), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ও হাসপাতাল, শাহবাগ, ঢাকা।
- ১১। নির্বাহী পরিচালক, শিশু মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট, মাতুয়াইল, ঢাকা।
- ১২। ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিভিল সার্জন/ উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পঞ্চগড়/ঠাকুরগাঁও/দিনাজপুর/লালমনিরহাট/রংপুর/কুড়িগ্রাম/ গাইবান্ধা/জয়পুরহাট/বগুড়া/রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/সিরাজগঞ্জ/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/মাগুরা/ ঝিনাইদহ/নড়াইল/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/বরিশাল/পটুয়াখালী/বরগুনা/পিরোজপুর/ঝালকাঠি/ভোলা/গোপালগঞ্জ/মাদারীপুর/ শরিয়তপুর/ফরিদপুর/রাজবাড়ী/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/নারায়নগঞ্জ/ঢাকা/নরসিংদী/গাজীপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/নেত্রকোনা/

অ:প:দ্র:

শেরপুর/জামালপুর/টাঙ্গাইল/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/বি.বাড়িয়া/কুমিল্লা/চাঁদপুর/নোয়াখালী/ফেণী/লক্ষীপুর/চট্টগ্রাম/
কক্সবাজার/বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/নীলফামারী।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুস্ত প্রকল্প অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। মহাপরিচালক, সিভিল অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মহোদয়ের একান্ত সচিব, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ৭৭/৭,
কাকরাইল, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। যুগ্মসচিব (আ:ব্য:ওঅ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অডিট অধিশাখা

নং-স্বাপকম/অডিট/কেন্দ্র-১/৩৬০/২০১৩/৭০৭

তারিখঃ ১৪/১২/২০১৪ খ্রিঃ


ত্রিপক্ষীয় সভার নোটিশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (আঃব্যাঃওঅঃ) মহোদয়ের সভাপতিত্বে আগামী ২২/১২/২০১৪ তারিখ সোমবার সকাল ১০.৩০ টায় এ মন্ত্রণালয়ের সভাকক্ষে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় তাঁকে উপস্থিত থাকার জন্য অথবা উপযুক্ত/সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সভার আলোচ্য সূচিঃ

- ১। সিএন্ডএজি কার্যালয়ের ২০০৮-০৯ অর্থ বছরের বার্ষিক অডিট রিপোর্টভূক্ত এবং পিএ কমিটিতে অনালোচিত স্বাস্থ্য অধিদপ্তর, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা মেডিকেল কলেজ, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, সদর হাসপাতাল (কক্সবাজার/বান্দরবান), শিশু মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট (মাতুয়াইল, ঢাকা), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল (যশোর), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় (সাতুরিয়া, মানিকগঞ্জ) এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা এর অডিট আপত্তি নিষ্পত্তি প্রসংগে।
- ২। বিবিধ।

সংযুক্ত: হালনাগাদ অবস্থার তালিকা


(মসিউর রহমান)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১১০২৭

- ১। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা (বর্ণনা মোতাবেক কার্যপত্র ~~২০~~ পাতা)।
- ২। মহাপরিচালক/অধ্যক্ষ/পরিচালক/তত্ত্বাবধায়ক/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/ঢাকা মেডিকেল কলেজ/জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল/ জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল/চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম/ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ/রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী/সদর হাসপাতাল, (কক্সবাজার/বান্দরবান)/শিশু মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট, মাতুয়াইল, ঢাকা/২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, সাতুরিয়া, মানিকগঞ্জ/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (আলোচ্যসূচি এবং সংযুক্ত তালিকায় বর্ণিত তীর কার্যালয়/হাসপাতাল সংশ্লিষ্ট অডিট আপত্তির প্রয়োজনীয় তথ্য-প্রমাণক এবং হালনাগাদ ব্রডশীট জবাবসহ তাঁকে সভায় উপস্থিত থাকার জন্য অথবা উপযুক্ত/সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সভাপ্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। উপসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্টদেরকে গাড়ীসহ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, গেইট নং-১/২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্টদেরকে গাড়ীসহ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
- ৪। যুগ্মসচিব (আঃব্যাঃওঅঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সভাকক্ষ সমন্বয়কারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। তাঁকে ৩০ (ত্রিশ)জন কর্মকর্তার আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।